



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

স্মারক নম্বর : চশিবো/বিদ্যা/খাগড়া:(সদর)/১০৬১/২০১৮/৬৪৪৭(৫) তারিখ : ২৮/০৭/২০২২ খ্রি:

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
চট্টগ্রাম।

প্রাপক : প্রধান শিক্ষক
ভাইবোনছড়া নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়
ভাইবোনছড়া, খাগড়াছড়ি সদর
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.১৮২.২০২১-২০১, তারিখ- ১৮/০৭/২০২২ খ্রি:


নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নিম্নে বর্ণিত ০১ নং শর্তে সন্মতি জ্ঞাপন করায় খাগড়াছড়ি সদর উপজেলাধীন 'ভাইবোনছড়া নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়'- কে ০১/০১/২০২২ খ্রি: তারিখ হতে ৩১/১২/২০২৬ খ্রি: তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ-৮ম শ্রেণি) একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। স্বীকৃতির সময়সীমা অর্থাৎ ৩১/১২/২০২৬ খ্রি: তারিখ অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং বিদ্যালয়ের পাঠদান/ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বারিত হবে।

শর্ত:

১। শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগকৃত শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতাদি প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।

অবশ্যই পালনীয় :


- ১। বোর্ড কর্তৃপক্ষের পূর্বানুমোদন ছাড়া সংরক্ষিত তহবিলে রক্ষিত অর্থ ভাঙানো বা প্রত্যাহার করা যাবে না।
- ২। বোর্ড কর্তৃক অনুমোদিত কমিটির মাধ্যমে প্রতিষ্ঠান পরিচালনা করতে হবে।



(ড. বিপ্লব গাজুনী)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
চট্টগ্রাম।



অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে -

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, পলাশী, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম।
- ৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৬। জেলা শিক্ষা অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ৭। অফিস নথি।